15

দৈনিক বাংলা

তারিখ 6 JUL 1996
পৃষ্ঠা 5 কলাম 7

# স্কুল ছাত্রছাত্রীদের সাধারণ জ্ঞানের এক প্রাণবন্ত প্রতিযোগিতা

স্টাফ রিপোর্টার ঃ জ্ঞানের কোন সীমারেখা নেই। প্রতিদিন আমাদের চারপাশে কত বিচিত্র সব ঘটনা ঘটছে। বিজ্ঞানের নব আবিষ্কার একদিকে যেমন সমৃদ্ধ করছে মানুষের জ্ঞান ভান্ডার তেমনি আবার বিস্মৃতির অতলে ঢাকা পড়ছে ইতিহাসের অনেক মূল্যবান তথ্য। শিক্ষার্থীদের কাছে সব ধরনের জ্ঞানই মূল্যবান, যা তাদের অন্ধকার থেকে নিয়ে যায় আলোর পথে।

তরুণ শিক্ষার্থীদের কাছে সাধারণ জ্ঞানকে জনপ্রিয় করে তোলার লক্ষ্যে রাজধানীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের ছাত্রছাত্রীরা শুক্রবার আয়োজন করে উইলস আন্তঃস্কুল সাধারণ জ্ঞান প্রতিযোগিতার।

স্কুলের ছাত্রছাত্রীদের সংগঠন উইলস কালচারাল ক্লাবের উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতার পুরো বিষয় তত্ত্বাবধানের দায়িত্বে ছিল উইলস ইউনাইটেড ক্লাব। 'বুদ্ধিদীপ্ত পদচারণায় মুখরিত হোক আমাদের অঙ্গন' — এই শ্লোগানকে সামনে রেখে আয়োজিত সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় রাজধানীর বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের ১১টি দল অংশ নেয়। অত্যন্ত প্রাণবন্ত পরিবেশে প্রায় তিন ঘন্টা ধরে চলে এই প্রতিযোগিতা। দুই রাউন্ডে অনুষ্ঠিত এই প্রতিযোগিতার প্রথম রাউন্ডে সবক'টি দল এবং দ্বিতীয় রাউন্ডে ৬টি দল অংশ নেয়। প্রথম রাউন্ডে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ক্রমানুসারে শীর্ষ ছয়টি দল দ্বিতীয় রাউন্ডে ওঠে।

প্রতিযোগিতায় উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের দুটি দল অংশ নেয়। এদের মধ্যে 'গোল্ড' দল চ্যাম্পিয়ন এবং 'গ্রীন' দল রানার্সআপ হওয়ার গৌরব অর্জন করে। চ্যাম্পিয়ন দলের প্রতিযোগীরা হচ্ছে ঃ এরশাদুর রহমান খান, তমাল সাহা ও নূর মাহমুদ এবং রানার্সআপ দলের প্রতিযোগীরা হচ্ছে ঃ আদনান সাবির, নাশরাহ নাজাত অভি ও ওমর-বিন-হারুন খান। এছাড়া রাজধানীর সেন্ট গ্রেগোরিস হাইস্কুল খিলগাঁও গবঃ হাইস্কুল, ধানমন্ডি টিউটোরিয়াল, মতিঝিল টিএন্ডটি হাইস্কুল, সেগুনবাগিচা হাইস্কুল, ন্যাশনাল ব্যাংক পাবলিক স্কুল এন্ড কলেজ, সেন্ট জোসেফ স্কুল, সেন্ট্রাল গবঃ বয়েজ হাইস্কুল ও হলিক্রস গার্লস হাইস্কুল থেকে প্রতিযোগীরা অংশগ্রহণ করে।

বর্ষার মেঘলা আকাশ এবং ঝিরিঝিরি বৃষ্টিতে স্কুল প্রাঙ্গণে বিশাল প্যান্ডেলে জমে ওঠে প্রতিযোগিতা। প্রশ্নকর্তাদের নানান কৌশলের প্রশ্ন এবং উত্তরদাতাদের উদ্বেগ উৎকণ্ঠা ও সমাগত দর্শকদের মুহুর্মুহু করতালির মাঝে পুরো অনুষ্ঠানটি বেশ প্রাণবন্ত হয়ে ওঠে।

পাঁচটি বিষয়ের ওপর প্রশ্ন করা হয়। বিষয়গুলি হলো বিজ্ঞান ও প্রযুক্তি ইতিহাস এবং সংস্কৃতি, সাহিত্য ও শিল্পকলা, খেলাধুলা এবং সাম্প্রতিক বিশ্ব ও আইকিউ। প্রশ্নকর্তাদের মধ্যে ছিলেন ডঃ আলী আসগর শাহরিয়ার কবির, কবি আসাদ চৌধুরী, শামীম আশরাফ/চৌধুরী ও ডাঃ নাকিবউদ্দীন। প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণকারীরা সবচেয়ে ভাল করে বিজ্ঞান ও প্রযুক্তি, খেলাধুলা এবং সাম্প্রতিক বিশ্ব বিষয়ে। ইতিহাস ও সংস্কৃতি এবং শিল্পকলা ও সাহিত্য বিষয়ে তারা তেমন ভাল করেনি। যদিও এ ব্যাপারে কবি আসাদ চৌধুরী বলেছেন, এটা স্বীকার করতেই হবে যে আজকের দিনের ছাত্রছাত্রীরা সব বিষয়েই আগের দিনের চেয়ে অনেক বেশী জ্ঞান রাখে।

অনুষ্ঠান শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন কবি শামসুর রাহমান। স্কুলের ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান আলহাজ সৈয়দ মোহাম্মদ হেদায়েতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে স্কুলের প্রধান শিক্ষক মুহাম্মদ শাহ আলম, ব্যবস্থাপনা কমিটির শওকত আনোয়ার, বিমল কুমার দাস, রুহানা ইসলাম, রাকিবুল ইসলাম খান প্রমুখ বক্তৃতা করেন।